

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৪৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিষয়: মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-৫৮৯/২০১৯ (রিট পিটিশন নং-৯০১/২০১৭ হতে উদ্ধৃত) এর প্রেক্ষিতে বকেয়া ভাতাদি প্রদান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.০৬৩.১৭-১৪৬/৩
তারিখ-০৭.০৩.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ইসলামপুর কলেজের অধ্যক্ষ জনাব মো: সুলতান সালাউদ্দীন-কে কলেজ কর্তৃপক্ষ বরখাস্ত করেন। তিনি বরখাস্তকরণ, অধ্যক্ষের দায়িত্ব পালন ও বেতন-ভাতা প্রাপ্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯০১/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশন শুনানী শেষে বিগত ২৯.০৫.২০১৭খ্রি, তারিখে **Rule absolute** করে রায় প্রদান করেন। রায়ে পিটিশনারকে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ পদে দায়িত্ব পালনসহ বিধিমোতাবেক এমপিও প্রদানের জন্য কলেজ কর্তৃকপক্ষকে অর্থাৎ ৯ ও ১০ বিবাদী-কে নির্দেশ দেয়া হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ ও সরকার পক্ষে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল নং-৩১৫৭/২০১৭ ও ২৭১৩/২০১৭ দায়ের করে। উক্ত আপিল মামলাদ্বয় শুনানী শেষে মেরিটে খারিজ হয়।

আপিল বিভাগের রায়ের পর মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিলিভ রিভিউ পিটিশন নং-১৯৯/২০১৮ দায়ের হয়। উক্ত রিভিউ পিটিশন শুনানী শেষে খারিজ হয়।

মহামান্য আদালতের রায়ের প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ পিটিশনার-কে অধ্যক্ষের পদে যোগদানসহ বেতন-ভাতা প্রদান করা হয়। বর্তমানে পিটিশনার বকেয়া বেতন-ভাতা না পাওয়ার কারণে মহামান্য হাইকোর্ট বিভাগ-এর কনটেম্পট পিটিশন নং-৫৮৯/২০১৯ দায়ের করে। কনটেম্পট মামলায় সচিব গং-কে বিবাদী করে রুল জারি করা হয়। বকেয়া বেতন-ভাতা কলেজ থেকে জনবল কাঠামোর বিধি ১৮ (৫) অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়িত্ব বহন করবে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, সরকার কর্তৃক মামলাটি আপিল বিভাগে খারিজ এবং কনটেম্পট মামলা পরিচালনাকারী বিজ্ঞ এ্যাডভোকেটের মতামতের আলোকে জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ইসলামপুর কলেজের অধ্যক্ষ-এর বকেয়া বেতন ভাতাদির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৩-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২৭৪৯৯৭৪

অতিরিক্ত সচিব

মাধ্যমিক-২ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

ইমেইল: laws.ection2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৪৫/১(৪)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৯-৩-২০২১

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব